

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বন অধিশাখা-১
প্রজ্ঞাপন

তারিখ: ১৪ জানুয়ারি ২০১৫

নং পবম (বঃ শাঃ-১)০৪/২০১২/১৫—যেহেতু সরকার ১৯২৭ সনের বন আইন এর ৪(ক)(১) ধারায় নিম্ন তফসিলভুক্ত বনভূমি কৃষি মন্ত্রণালয়ের (বন, মৎস ও পশু সম্পদ বিভাগ) প্রজ্ঞাপন নং- ১/ফর-৮৩-৭৫/৫৩৯ তারিখ ২৪ মার্চ, ১৯৭৭ইং এবং XII/ফর-১-১৪/৮৪/২০ তারিখ ১১ই জানুয়ারি, ১৯৮৬ইং মূলে সংরক্ষিত বন গঠনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। উক্ত ভূমির সীমানার মধ্যে বা কোন ব্যক্তির অনুকূলে উক্ত ভূমিতে বা উহার বনজ দ্রব্যের উপর কোন স্বত্ব বা অধিকার আছে কিনা বা থাকিলে উহার প্রকৃতি বা বিস্তৃতি নির্ধারণ এবং তদন্ত করিবার জন্য ফরেস্ট সেটেলমেন্ট অফিসার নিয়োগ করিয়াছিলেন;

যেহেতু ঐ একই আইনের ৬ ধারার বিধান অনুযায়ী সংরক্ষিত বন ভূমি ঘোষণার জন্য খাজব-১/৯২(বন)/৯৩৬/ভোলা, তারিখ ০৯-০৮-২০০১ইং মূলে বাংলাদেশ গেজেটের ৬ষ্ঠ খণ্ডের আগস্ট ২৩, ২০০১ইং তারিখের ইস্তেহার জারী করা হয়। প্রকাশিত ইস্তেহারভুক্ত বনভূমি সম্পর্কে কাহারো কোন দাবী দাওয়া থাকিলে তাহা উপস্থাপন করিবার জন্য সময় নির্ধারণ করিয়া লিখিত বিজ্ঞপ্তি জারী করা হইয়াছিল এবং যেহেতু বর্ণিত ঘোষণার প্রেক্ষিতে যে সমস্ত ভূমির বিপরীতে কোন দাবী দাওয়া উপস্থাপিত হয় নাই বা দাবী পেশ না করিবার কারণে সকল স্বত্ব/অধিকার বিলোপ ঘটিয়াছে অথবা দাবী দাওয়া উপস্থাপিত হইবার পর তা আইনসঙ্গতভাবে নিষ্পত্তি হইয়াছে;

সেহেতু নিম্ন তফসিল বর্ণিত ভূমি বন আইন, ১৯২৭ (The Forest Act, 1927) (Act XVI of 1927) এর ২০ ধারার ক্ষমতা বলে এতদ্বারা বিজ্ঞপ্তি জারী হওয়ার তারিখ হইতে “সংরক্ষিত বনভূমি” (Reserved Forest) বলিয়া গণ্য হইবে মর্মে ঘোষণা করা হইল :

(১৭৪১)

মূল্য : টাকা ৪.০০

তফসিল

ক্র/নং	জেলার নাম	উপজেলার নাম	বন বিভাগের রেঞ্জের নাম	মৌজা/চরের নাম	জমির পরিমাণ (হেক্টর)	
১	২	৩	৪	৫	৬	
১।	ভোলা	চরফ্যাশন	কুকরী-মুকরী	চর কুকরী-মুকরী	৬১৮.২৮	
				চর দীঘল	১১৫.০০	
				চর আলিম	২০.০০	
				চর পাতীলা	১৮০.০০	
২।	ভোলা	চরফ্যাশন	ঢালচর	চর সত্যেন	৩১৮৬.১২	
				পূর্ব ঢালচর	৯৬৯.৩০	
				চর হাকিম	৯৩.০০	
				উত্তর পশ্চিম ঢালচর	১৮২.০০	
৩।	ভোলা	চরফ্যাশন	চরফ্যাশন	চর নিজাম	৭৭৯.৩৬	
				চর জাহানপুর	২৭৩.৮০	
				চরফ্যাশন উপজেলার মোট		৬৪১৬.৮৬
				৪।		লালমোহন
				লালমোহন উপজেলার মোট	৬০৭.২৯	
৫।		মনপুরা	মনপুরা	চর মজুমদার	১২০.০০	
				চর লিংকন	৩.০০	
				চর পাতীলা	৭৬৯.০০	
				দক্ষিণ সাকুচিয়া	২৮৭.০৫	
				মনপুরা উপজেলার মোট	১১৭৯.০৫	
৬।		দৌলতখান	দৌলতখান	চর উড়িল	১১৪.০০	
				চর জহিরউদ্দিন	১১০.০০	
				দৌলতখান উপজেলার মোট	২২৪.০০	
				ভোলা জেলার সর্বমোট-	৮৪২৭.২০	

এই প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd